৫। গোলোকচাঁদ সেই চাঁদের রূপ হেরে,
ও তার হৃদয় আলোক, হ'য়ে পুলক পলক না মারে।
মহানন্দের বাণী শোন অশ্বিনী, তোর দরশনের সময় যায়।।

## ৮৩ নং তাল-একতালা

দয়াময় দীনবন্ধু হরি, কত দয়া ক'রছ দয়ার বলিহারী।
তুমি আমার লাগিয়া হে,
ক্ষুধায় অন্ন হ'য়ে, পিপাসা হ'লে পিয়াও বারি।।
১। কত সুমিষ্ট সুপক্ক হে,
ফল লক্ষ লক্ষ, আমা লাগি রাখছ বৃক্ষোপরি।
কত চিনি সন্দেশ মিঠা, পায়স অন্ন পিঠা
খাওয়াতেছে আমায় অখিল পুরি।।
২। তুমি আমার কারণে হে।
বিবিধ বসনে, শয়নে দিতেছ শয্যা করি।
আমি যখন ঘুমে থাকি, মুদে দুটি আঁখি,
তুমি এসে তখন হও প্রহরী।।
৩। কত বিদ্যা বুদ্ধি দানে হে,
সর্ব্বত্র সম্মানে, ক'রেছ আমায় মান্য মান ভারি।
আমায় দাসদাসী দিয়ে, গোঁসাইজী বানায়ে
করে দিলে তায় আজ্ঞাকারী।।
৪। তুমি আমারে তুষিতে হে,
সুখশান্তি দিতে, দিয়েছ দারা কুমার কুমারী।
দিলে ঘর বাড়ী জমি, সুখের নাইকো কমি
অশেষে সুখ ভুঞ্জা'লে হরি।।
৫। দয়াল মহানন্দ বলে হে,
প্রেমানন্দ মিলে অনুরাগী হলে ফকিরি।